শিক্ষাঙ্গন

# ঢাকায় বড় জমায়েতের ঘোষণা এমপিওভুক্ত শিক্ষকদের

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৬ অক্টোবর ২০২৫, ১০:৪৭ এএম



ফাইল ছবি

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ হাজার ৫০০ টাকা করেছে সরকার। তবে শিক্ষক সংগঠনগুলো ৫০০ টাকার এই বৃদ্ধি 'অপর্যাপ্ত ও অবাস্তব' বলে প্রত্যাখ্যান করেছে। তারা মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়ি ভাড়া এবং চিকিৎসা ভাতা ৫০০ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার ৫০০ টাকা করার দাবিতে আগামী ১২ অক্টোবর থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন।

সোমবার (৬ অক্টোবর) এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী গণমাধ্যমকে বলেন, সরকার যে ৫০০ টাকা বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধি করেছে তা শিক্ষকদের সঙ্গে পরিহাস। বর্তমান বাজার পরিস্থিতিতে এ অর্থে একটি পরিবারের একদিনের বাজারও হয় না। আমরা সরকারের এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করছি এবং মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধির দাবি পুনর্ব্যক্ত করছি।

তিনি আরও বলেন, আমরা সরকারের প্রতি সম্মান রেখেই বাস্তবসম্মত দাবি জানাচ্ছি। কিন্তু মন্ত্রণালয় ৫, ১০, ১৫ এবং ২০ শতাংশ– এই চার স্লটে প্রস্তাব তৈরি করেছে, যা শিক্ষকদের প্রত্যাশার সঙ্গে যায় না। আমরা চাই স্পষ্টভাবে ২০ শতাংশ ভাতা বৃদ্ধির প্রজ্ঞাপন।

আগামী ১২ অক্টোবর ঢাকায় সর্ববৃহৎ জমায়েতের ঘোষণা দিয়ে তিনি বলেন, আমরা কর্মসূচির প্রস্তুতি নিচ্ছি। সরকার যদি ১০ অক্টোবরের মধ্যে প্রজ্ঞাপন জারি না করে, তাহলে আমরা লাগাতার অবস্থান কর্মসূচি পালন করব।

এর আগে গত ১৩ আগস্ট জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে ২০ শতাংশ হারে বাড়ি ভাড়ার প্রজ্ঞাপন এবং সর্বজনীন বদলি চালুর বিষয়ে দাবি জানিয়েছিলেন এমপিওভুক্ত শিক্ষকরা। ঘোষিত কর্মসূচির মধ্যে ছিল– ১৪ সেপ্টেম্বর সারা দেশে অর্ধদিবস কর্মবিরতি, ১৫ ও ১৬ সেপ্টেম্বর পূর্ণদিবস কর্মবিরতি, বিভাগীয় শহরে সম্মেলন এবং ১২ অক্টোবর থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অনির্দিষ্টকালের অবস্থান কর্মসূচি।